



ঢাকা কমার্স কলেজ

স্থাপিত - ১৯৮৯ খ্রিস্টাব্দ

(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত)

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৪৮০৩৩৯০৩, ৪৮০৩৭৩৫৭, ৪৮০৩৬৯৪২
e-mail: cdhakacommercecollege@yahoo.com Web: www.dcc.edu.bd

স্মারক নং: ঢাকক-

তারিখ: ১৬/১০/২০২৫

অফিস বিজ্ঞপ্তি

একাদশ (শিক্ষাবর্ষ: ২০২৫-২০২৬) শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, আগামী ১৯/১০/২০২৫ তারিখ হতে তাদের উপস্থিতি বায়োমেট্রিক অ্যাটেনডেন্স সিস্টেমে গ্রহণ করা হবে। ক্লাসে প্রতিদিনের উপস্থিতি নিশ্চিতকরণে শিক্ষার্থীরা নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করবে:

১। শিক্ষার্থীরা প্রতি কর্মদিবসে কলেজের বিভিন্ন ফ্লোরে স্থাপন করা নিকটবর্তী বায়োমেট্রিক অ্যাটেনডেন্স ডিভাইসে ক্লাস শুরু ৪০ মিনিট পূর্ব হতে ১ম ক্লাস শুরুর সময়ের মধ্যে হাজিরা নিশ্চিত করবে। শিক্ষার্থী উক্ত সময়ের মধ্যে ডিভাইসের সামনে গিয়ে Face Recognition পদ্ধতিতে হাজিরা দেবে। কোনো কারণে Face Recognition পদ্ধতি কাজ না করলে Fingerprint পদ্ধতি ব্যবহার করবে। উপস্থিতি সফলভাবে গৃহীত হলে ডিভাইসে প্রদর্শিত শিক্ষার্থীর মুখের ছবির নিচে তার নাম ও রোল নম্বর প্রদর্শিত হবে এবং Thank you উচ্চারিত হবে।

২। একই সময়ে সর্বোচ্চ ৪(চার) জন শিক্ষার্থী ডিভাইসের মাধ্যমে উপস্থিতি দিতে পারবে। এ ক্ষেত্রে ৪(চার) জনেরই নিজ নিজ নাম ও রোল নম্বর প্রদর্শিত হয়েছে কিনা এবং পৃথকভাবে ৪(চার) জনকেই Thank you বলেছে কিনা তা নিশ্চিত হতে হবে। বাকিরা সুশৃঙ্খলভাবে লাইনে দাঁড়িয়ে পরবর্তীতে উপস্থিতি দিবে।


৩। কোনো শিক্ষার্থী কলেজে অনুপস্থিত থাকলে তাকে অবশ্যই পরবর্তী কার্যদিবসে অনুপস্থিতির যথাযথ কারণ উল্লেখপূর্বক অভিভাবকের স্বাক্ষরসহ আবেদনপত্র নিয়ে সংশ্লিষ্ট শিক্ষার্থী উপদেষ্টার সাথে ১ম ক্লাস শুরুর কমপক্ষে ১৫ মিনিট পূর্বে দেখা করতে হবে। শিক্ষার্থী উপদেষ্টা অনুমতি দিলেই কেবল উক্ত দিন সংশ্লিষ্ট শিক্ষার্থী বায়োমেট্রিক অ্যাটেনডেন্স ডিভাইসের মাধ্যমে হাজিরা দিতে পারবে। অন্যথায় সে উক্ত দিন অনুপস্থিত হিসেবে বিবেচিত হবে।

৪। একইদিনে একাধিকবার উপস্থিতি দেয়া সম্পূর্ণরূপে নিষিদ্ধ।

৫। শিক্ষার্থীরা বায়োমেট্রিক অ্যাটেনডেন্স ডিভাইস ব্যবহারের ক্ষেত্রে সাবধানতা অবলম্বন করবে। ডিভাইসে ইনবিল্ট ক্যামেরা সংযুক্ত রয়েছে ও ডিভাইসটি সিসিটিভি ক্যামেরার আওতাধীন রয়েছে। কেউ ইচ্ছাকৃতভাবে ডিভাইসের ক্ষতি করার চেষ্টা করলে, তা শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হবে।

৬। বায়োমেট্রিক অ্যাটেনডেন্স ডিভাইস ব্যবহারে কোনো ধরনের সমস্যা বা বিভ্রান্তি হলে শিক্ষার্থীরা নিজ নিজ শিক্ষার্থী উপদেষ্টার অফিসে যোগাযোগ করবে।

উল্লেখ্য, আগামী ৩০/১০/২০২৫ তারিখ পর্যন্ত বায়োমেট্রিক অ্যাটেনডেন্স ডিভাইসের পাশাপাশি হাজিরা খাতার মাধ্যমেও শিক্ষার্থীদের উপস্থিতি গ্রহণ করা হবে।



অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ঢাকা কমার্স কলেজ